

এইউডলিউর সমাবর্তন ১১ মে 'ডক্টর অব আর্টস' ডিগ্রিতে ভূষিত হচ্ছেন বন্যা

৫ মে ২০১৯ ০০:০০

আপডেট: ৫ মে ২০১৯ ০০:০০



আমাদের মমতা

এশিয়ান ইউনিভার্সিটি ফর উইম্যানের (এইউডলিউ) সপ্তম সমাবর্তন আগামী ১১ মে চট্টগ্রামের পাঁচতারকা হোটেল রেডিসন ক্লু বেভিউতে অনুষ্ঠিত হবে। এতে উপস্থিত থাকবেন বিশ্বিদ্যালয়টির চ্যাম্পেল ব্রিটেনের সাবেক প্রধানমন্ত্রী টনি ব্রেয়ারের স্ত্রী চেরি ব্রেয়ার। সমাবর্তনে বাংলাদেশসহ ভারত, পাকিস্তান, আফগানিস্তান, মিয়ানমার, নেপাল, ফিলিপ্পিন, যুক্তরাষ্ট্র, কম্বোডিয়া, শ্রীলংকা, ভিয়েতনাম এবং ভুটানের ১০০ শিক্ষার্থীকে গ্র্যাজুয়েট সম্মাননা সার্টিফিকেট দেওয়া হবে। গতকাল শনিবার নগরীর এমএম আলী রোডে অবস্থিত বিশ্বিদ্যালয়ের সম্মেলনকক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান বিশ্বিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. নির্মলা রাও। তিনি জানান, সমাবর্তন বক্তা হিসেবে উপস্থিত থাকবেন আফগানিস্তানের প্রেসিডেন্টের অবকাঠামো, মানবসম্পদ উন্নয়ন ও প্রযুক্তিবিষয়ক প্রধান উপদেষ্টা ও অর্থমন্ত্রী প্রফেসর ড. মুহাম্মদ হুমায়ন কাইয়ুমী এবং বাংলাদেশের প্রখ্যাত রবীন্দ্র সংগীতশিল্পী ঢাকা বিশ্বিদ্যালয়ের নৃত্যকলা বিভাগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান প্রফেসর রেজওয়ানা চৌধুরী বন্যা। পাশাপাশি এশিয়ান ইউনিভার্সিটি ফর উইম্যানের পক্ষ থেকে সমাবর্তন বক্তা প্রফেসর মুহাম্মদ হুমায়ন কাইয়ুমীকে 'ডক্টর অব লজ' এবং রেজওয়ানা চৌধুরী বন্যাকে 'ডক্টর অব আর্টস' সম্মাননা ডিগ্রি দেওয়া হবে। বর্তমানে বিশ্বের ১৫ দেশের মেয়েরা এশিয়ান ইউনিভার্সিটি ফর উইম্যানে পড়াশোনা করছেন।